দৈনিক বাংলা

23/11/80

026

071

# সূর্যদীঘল বাড়ি শ্রেষ্ঠ ছবি : বাচসাস পুরস্কার

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতির (বাচসাস) পুরস্কার '৭৯ বিতরণী উৎসব শনিবার সন্ধ্যায় বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণ করেন তথ্য ও বেতারমন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)



তথ্য ও বেতারমন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী শনিবার শ্রেষ্ঠ অভিনেত্রী ডলি আনোয়ারকে বাংলাদেশ চলচ্চিত্র সাংবাদিক সমিতির চলচ্চিত্র পুরস্কার ৭৯ প্রদান করেন —দৈনিক বাংলা

## বাচসাস পুরস্কার

(১ম পৃঃ পর)

প্রবীণ চলচ্চিত্রকার জনাব আবদুল জব্বার খান এবং চলচ্চিত্র শিল্পী সুমিতা দেবী। বাচসাস সভাপতি খোন্দকার শাহাদাৎ হোসেনও সভায় বক্তৃতা করেন।

তথ্য ও বেতারমন্ত্রী অনুষ্ঠানে বলেন, বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের ইতিহাস খুব বেশি দিনের নয়। জনাব আবদুল জব্বার খান নির্মিত 'মুখ ও মুখোশ' থেকে শুরু করে দু' আড়াই দশকে এক্ষেত্রে বেশ অগ্রগতি হয়েছে।

তিনি বলেন, এদেশের চলচ্চিত্র শিল্পের অল্প বয়স ও অন্যান্য সীমাবদ্ধতা সত্ত্বেও বাংলাদেশের মানুষ গর্ব করে বলতে পারে যে চলচ্চিত্র শিল্প আমাদের দেশে রয়েছে এবং থাকবে।

মন্ত্রী পুরস্কারপ্রাপ্ত শিল্পী-কুশলীদের মধ্যে বাচসাস পুরস্কারের রেপ্লিকা (প্রতীক) বিতরণ করেন।

বাচসাস পুরস্কার '৭৯-এ সম্মানিতরা হচ্ছেন: শ্রেষ্ঠ ছবি : সূর্যদীঘল বাড়ি, শ্রেষ্ঠ পরিচালক : শেখ নিয়ামত আলী ও মসিহউদ্দিন শাকের (সূর্যদীঘল বাড়ি), শ্রেষ্ঠ অভিনেতা : আনোয়ার হোসেন (সূর্য সংগ্রাম), শ্রেষ্ঠ অভিনেত্রী : ডলি আনোয়ার (সূর্য দীঘল বাড়ি), শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেতা : সাইফুদ্দিন (সুন্দরী), শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রী : রওশন জামিল (সূর্য সংগ্রাম), শ্রেষ্ঠ কাহিনীকার : আবদুস সামাদ (সূর্য সংগ্রাম), শ্রেষ্ঠ চিত্রনাট্য : শেখ নিয়ামত আলী ও মসিহউদ্দিন শাকের (সূর্য দীঘল বাড়ি), শ্রেষ্ঠ সংলাপ : আলমগীর কবির (রূপালি সৈকতে), শ্রেষ্ঠ গীতিকার : গাজী মাজহারুল আনোয়ার (নাগরদোলা ছবির গান—তুমি আর একবার আসিয়া), শ্রেষ্ঠ গায়ক : রথীন্দ্র নাথ রায় (নাগরদোলা ছবির গান—তুমি আর একবার আসিয়া), শ্রেষ্ঠ গায়িকা : সাবিনা ইয়াসমিন (নাগরদোলা ছবির গান—অন্তর আমার করলাম নোঙ্গর), শ্রেষ্ঠ সংগীত পরিচালক : রাজা শ্যাম (সূর্য সংগ্রাম), শ্রেষ্ঠ চিত্রগ্রাহক (সাদা-কালো) : আনোয়ার হোসেন (সূর্য দীঘল বাড়ি), শ্রেষ্ঠ শব্দ গ্রাহক : মালেক মনসুর (রূপালী সৈকতে), শ্রেষ্ঠ চিত্র সম্পাদক : সাইদুল আনাম টুটুল (সূর্য দীঘল বাড়ি), শ্রেষ্ঠ শিল্প নির্দেশক : আবদুস সবুর (সূর্য সংগ্রাম)।

চলচ্চিত্র শিল্পে অবদান রাখার জন্য বিশেষ পুরস্কার পেয়েছেন সাধন রায়। এস এম পারভেজ পদকে সম্মানিত হয়েছেন সাংবাদিক আজিজ মিসির।

অনুষ্ঠানে কয়েকটি ছবির শিল্পী ও কুশলীদের প্রশংসাপত্রও দেয়া হয়।